



ভূমিকা

কর্মক্ষেত্রে শ্রমজীবী নারী-পুরুষের প্রতি হয়রানি এবং নির্যাতন প্রতিদিনকার ঘটনা। তবে নারীর ক্ষেত্রে এটি আরো তীব্রতর। কর্মক্ষেত্রে সহিংসতা এবং হয়রানি শ্রমিককে আরো বেশী নাজুক করে ফেলে, বিশেষ করে যাদের সংঘবন্ধ হওয়ার ও যৌথ দর কষাকষির সুযোগ কম, যেখানে শোভন কর্ম পরিবেশ নেই এবং যেখানে শ্রমিকদের মজুরি কম কিংবা যেখানে ন্যায় বিচার প্রাণ্ডির সুযোগ থেকে শ্রমজীবীরা বাধিত। তবে এই সমস্যা কেবল বাংলাদেশেই নয় বরং আন্তর্জাতিকভাবেই পরিলক্ষিত। কর্মক্ষেত্রে সহিংসতা ও হয়রানির কারণে শ্রমিকদের মধ্যে এক ধরণের মানবিক চাপ তৈরি হয়, ফলে শ্রমিক কর্মস্পৃহা হারায়। অনেক ক্ষেত্রে শ্রমিক প্রতিশোধ পরায়ন হয় এবং চূড়ান্তভাবে উৎপাদনশীলতা হাস পায়।

পৃথিবীব্যাপী কর্মক্ষেত্রে বিদ্যমান নারী ও পুরুষের প্রতি সহিংসতা ও হয়রানি বন্ধের লক্ষ্য বিগত ২৮ মে - ৮ জুন ২০১৮ আন্তর্জাতিক শ্রম সংস্থা-আইএলও'র উদ্যোগে ১০৭ম আন্তর্জাতিক শ্রম সম্মেলনে প্রথম আলোচনা শুরু হয়। সম্মেলনের এজেন্ডাসমূহের মধ্যে কর্মক্ষেত্রে নারী ও পুরুষের সহিংসতা ও হয়রানি প্রতিরোধ বিষয়ে মানদণ্ড নির্ধারণে আলোচনা অনুষ্ঠিত হয়েছে, যেখানে বাংলাদেশের পক্ষ থেকে সরকার, মালিক ও শ্রমিক পক্ষের প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন। কর্মক্ষেত্রে নারী ও পুরুষের হয়রানি এবং নির্যাতন প্রতিরোধে সংশ্লিষ্ট পক্ষসমূহের সুপারিশমালা এবং মানদণ্ড নির্ধারণ লক্ষ্যে ধারাবাহিক কর্মকান্ডের মাধ্যমে আইএলও ২০১৯ এর মার্চ মাসে একটি রিপোর্ট প্রকাশ করে যা 'র' রিপোর্ট নামে পরিচিত। রিপোর্টে কর্মক্ষেত্রে হয়রানি ও নির্যাতন বন্ধে সরকার, মালিক এবং শ্রমিক সংগঠনসমূহের বিভিন্ন দায়িত্ব এবং একই সাথে সরকার, মালিক এবং শ্রমিক প্রতিনিধি ডেলিগেশনে নারী-পুরুষ সমতা নিশ্চিত করার কথা বলা হয়।

গত ১০-২১ জুন ২০১৯ সালে অনুষ্ঠিত হয়েছে ১০৮ তম আন্তর্জাতিক শ্রম সম্মেলন। এই শ্রম সম্মেলনের ২ নং সেশনের ১ নং এজেন্ডায় কর্মক্ষেত্রে সহিংসতা এবং হয়রানি প্রতিরোধ বিষয়ে আলোচনা হয়েছে, যেখানে প্রতিবারের ন্যায় বাংলাদেশ থেকে সংশ্লিষ্ট পক্ষসমূহ (সরকার, মালিক এবং শ্রমিক প্রতিনিধি) অংশগ্রহণ করেছেন এবং বিশেষ করে সরকার এবং শ্রমিক প্রতিনিধিগণ উল্লেখিত বিষয়ে কনভেনশন এবং সুপারিশ অধিগ্রহণের জন্য ইতিবাচক ভূমিকা পালন করেছেন এবং সকল পক্ষের বেশীরভাগ প্রতিনিধির ইতিবাচক ভূমিকার কারণে কর্মক্ষেত্রে সহিংসতা ও হয়রানি নিরসন বিষয়ে আইএলও কনভেনশন ১৯০ গৃহীত হয়।

এখন করণীয় হচ্ছে কর্মক্ষেত্রে সহিংসতা ও হয়রানি নিরসন বিষয়ে আইএলও কতৃক গৃহীত এই কনভেনশন অনুস্বাক্ষর করা এবং প্রয়োজনীয় আইন প্রণয়ন করা। আমাদের পূর্ব অভিজ্ঞতা হচ্ছে শ্রম-ইস্যুতে গৃহীত সিদ্ধান্তসমূহ আইনিভাবে বাস্তবায়নের ক্ষেত্রে বিভিন্ন কারণে দীর্ঘসূত্রিতার সৃষ্টি হয়। কাজেই এই কনভেনশন অনুস্বাক্ষর করার কাজটি তুরান্বিত করার জন্য সকল পক্ষ্যকেই নিজ নিজ অবস্থান থেকে কার্যকরী ভূমিকা পালন করতে হবে। একই সংগে কনভেনশন ১৯০ এর বিষয়বস্তু কর্মক্ষেত্রের সংগে সংশ্লিষ্ট সকলের, বিশেষ করে শ্রমজীবী নারী-পুরুষের নিকট সহজবোধ্য হওয়া উচিত যাতে তারা তাদের অধিকার ও সুবিধাদি সম্পর্কে সু-স্পষ্ট ধারণা রাখতে পারে।

এ লক্ষ্য সামনে রেখে বাংলাদেশ ইনসিটিউট অব লেবার স্টাডিজ -বিল্স এবং কেয়ার বাংলাদেশ যৌথ উদ্যোগে আইএলও কনভেনশন ১৯০ বাংলায় অনুবাদ করার উদ্যোগ গ্রহণ করে। আশা করা যায় এ উদ্যোগ শ্রমজীবী মানুষের সচেতনতা বৃদ্ধিতে এবং তাদের অধিকার রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে সক্ষম হবে।

আইএলও কনভেনশন ১৯০

**কর্মজগতে সহিংসতা ও হয়রানি নিরসন সংক্রান্ত কনভেনশন
২১ জুন ২০১৯ জেনেভায় একশত আটতম অধিবেশনে গৃহীত**

১. সংজ্ঞা

অনুচ্ছেদ ১

১. প্রয়োজনীয়তা:

- ক) কর্মক্ষেত্রে সহিংসতা ও হয়রানি দ্বারা মূলত বোঝানো হচ্ছে সেই সকল অবস্থা গ্রণযোগ্য ব্যবহার ও চর্চা অথবা হুমকি যেগুলো এক বা একাধিকবার সংগঠিত হওয়ার ফলে শারীরিক, মানসিক, যৌন অথবা অর্থনৈতিক ক্ষতি সাধিত হয় এবং যা লিংগভিত্তিক সহিংসতা ও হয়রানির অন্তর্ভূক্ত ।
- খ) লিংগভিত্তিক সহিংসতা ও হয়রানি বলতে বুঝায় কোন নির্দিষ্ট গোষ্ঠির প্রতি লিংগ পরিচয়ের ভিত্তিতে সহিংসতা ও হয়রানির মূলক আচরণ করা বা লিংগ পরিচয়ের ভিত্তিতে অসম আচরণ যার মধ্যে যৌন হয়রানিও অন্তর্ভূক্ত ।
২. অনুচ্ছেদ ১ এর উপ অনুচ্ছেদ 'ক' এবং 'খ' এর সংজ্ঞার প্রতি কোন প্রতিকূল ধারনা ব্যতিত, রাষ্ট্রীয় আইন ও নীতিমালার সংজ্ঞার সাথে একই অথবা ভিন্ন ধারনা থাকতে পারে ।

২. উদ্দেশ্য

অনুচ্ছেদ ২

- ১) এই কনভেনশন জাতীয় আইন ও অনুশীলন দ্বারা স্বীকৃত কর্মক্ষেত্রে সকল কর্মী ও ব্যক্তিকে, তাদের মর্যাদা চুক্তিভিত্তিক, প্রশিক্ষনার্থী, ইন্টার্ন বা শিক্ষানবিশ, বরখাস্তকৃত, স্বেচ্ছাসেবক, চাকুরীগ্রাহী, আবেদনকারি নির্বিশেষে সুরক্ষা প্রদান করে । এমনকি সেই সকল কর্মী যারা শর্তভিত্তিক কাজ করে, প্রশিক্ষণে আছে, শিক্ষানবিশ, স্বেচ্ছাসেবক এবং কর্ম সন্ধানী সকলেই এই কনভেনশনের আওতায় আসবে । এছাড়াও ব্যক্তি পর্যায়ে সকল কর্তব্যব্যাক্তি যারা বিভিন্ন দায়িত্ব ও কর্তব্য পালন করছে তারাও এই কনভেনশনের সুরক্ষা পাবে ।
- ২) এই কনভেনশন কর্মক্ষেত্রের সকল ক্ষেত্রে তথা, বেসরকারি বা সরকারি, প্রাতিষ্ঠানিক বা অপ্রাতিষ্ঠানিক এমনকি শহরে বা গ্রামীণ সকল ক্ষেত্রেই প্রযোজ্য ।

অনুচ্ছেদ ৩

এই কনভেনশন কর্মক্ষেত্রের সকল সহিংসতা ও হয়রানির ক্ষেত্রে প্রযোজ্য যা কর্মসম্পাদন, কর্মসম্পর্কিত, বা কর্মের প্রেক্ষিতে উত্তৃত ঘেরন:

- ক) কর্মক্ষেত্র- হোক তা জনসম্মুখে অথবা গোপনে, যেখানে প্রকাশ্যে বা গোপনে কর্মসম্পাদিত হয়;
- খ) যেখানে শ্রমিক তাহার মজুরী পান, বিশ্রাম অথবা খাবার গ্রহণ করেন অথবা শৌচাগার, পোষাক পরিবর্তনের স্থান বা ওয়াশ রুম হিসাবে ব্যবহার করেন;
- গ) কর্ম সংক্রান্ত ভ্রমণ, প্রশিক্ষণ, সামাজিক কার্যক্রমসহ অন্যান্য আয়োজনে নিয়োজিত থাকাকালীন;
- ঘ) কর্ম সংক্রান্ত যোগাযোগ এমনকি তথ্য-প্রযুক্তির মাধ্যমে যোগাযোগ এর ক্ষেত্রে ;
- ঙ) কর্তৃপক্ষ প্রদত্ত অবাসন স্থানে ;
- চ) কর্মস্থলে আসা - যাওয়ার সময় ;

৩. মূল নীতিমালা

অনুচ্ছেদ ৪

- ১) সকল সদস্য রাষ্ট্র যারা এই কনভেনশন অনুসরণ করবে তারা সকলেই কর্মক্ষেত্রে সহিংসতা ও হয়রানির মুক্ত রাখতে এই অধিকারের প্রতি সম্মান প্রদর্শন করবে, এর উভয়নে কাজ করবে এবং সকলের অধিকার প্রতিষ্ঠায় কাজ করবে। প্রত্যেক সদস্য রাষ্ট্রই তাদের দেশের আইন ও প্রেক্ষাপট অনুযায়ী মালিক ও শ্রমিক সংগঠনের প্রতিনিধির সাথে পরামর্শ সাপেক্ষে একটি সর্বব্যাপী, সমন্বিত এবং লিংগভিত্তিক ভারসাম্যপূর্ণ পরিবেশ সৃষ্টির মাধ্যমে কর্মক্ষেত্রে সহিংসতা ও হয়রানি নিরসনে এবং অবসানের লক্ষ্যে কাজ করবে। এই পরিবেশ সৃষ্টি করার সময় প্রয়োজন হলে সহিংসতা ও হয়রানি সৃষ্টিকারী ত্তীয় পক্ষের বিষয়টিও প্রযোজ্য ক্ষেত্রে বিবেচনা বিবেচনা করে।
- ২) আইন করে সহিংসতা ও হয়রানি নিষিদ্ধ করাসহ পদক্ষেপ গ্রহণ করবে।

অনুচ্ছেদ ৫

কর্মক্ষেত্রে সহিংসতা ও হয়রানি প্রতিহত ও নিরসনের লক্ষ্যে প্রত্যেক সদস্য রাষ্ট্রেই প্রধান প্রধান নীতিমালাসমূহ যেমন, সংগঠন করার অধিকার, যৌথ দরকার্যাকৃষির অধিকার এর কার্যকর স্থিক্তি, সকল প্রকার জবরদস্তিমূলক বা বাধ্যতামূলক কাজের অবসান, শিশুশ্রমের কার্যকরী অবসান এবং পদমর্যাদার ভিত্তিতে কর্মক্ষেত্রে বৈষম্য বন্ধের মাধ্যমে শোভন কাজ প্রণোদিত করা।

অনুচ্ছেদ ৬

প্রত্যেক সদস্য রাষ্ট্রেই কর্মক্ষেত্রে ভুক্তভোগী/ ক্ষতিগ্রস্ত ব্যক্তি বা গোষ্ঠীর জন্যে আইন, বিধান ও নীতিমালা গ্রহণ করবে যা নিশ্চিত করবে নারী কর্মীসহ সকলের পেশা ও পদবী নির্বিশেষে বৈষম্যহীনতা ও সমতা। একই সংগে সেই সব কর্মী বা জনগোষ্ঠী যারা সহিংসতা ও হয়রানির কারণে কর্মক্ষেত্রে ঝুঁকিপূর্ণ বা ক্ষতিগ্রস্ত অবস্থায় আছেন বা অসমতার শিকার হচ্ছেন তারাও এর আওতায় আসবেন।

৪. সুরক্ষা ও প্রতিরোধ

অনুচ্ছেদ ৭

কোন প্রতিকূল ধারণা ব্যতিত ছাড়া অনুচ্ছেদ ১ এর সংগে সংগতি রেখে প্রত্যেক সদস্য রাষ্ট্রেই আইন ও বিধি সমূহ প্রণয়ন করবে যা কর্মক্ষেত্রে লিংগভিত্তিক সহিংসতা ও হয়রানি প্রতিরোধসহ কর্মক্ষেত্রে সহিংসতা ও হয়রানি চিহ্নিতকরণে ও অবসানে ভূমিকা রাখবে।

অনুচ্ছেদ ৮

প্রত্যেক সদস্য রাষ্ট্রেই কর্মক্ষেত্রে সহিংসতা ও হয়রানি রোধকল্পে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে যেমন :

- ক) অপ্রাতিষ্ঠানিক খাতে কর্মরত কর্মীদের ক্ষেত্রে সরকারী প্রতিষ্ঠানসমূহের গুরুত্বপূর্ণ ভূমিকা নির্ধারণ করা;
- খ) মালিক ও শ্রমিক সংগঠনসমূহের সাথে আলোচনার মাধ্যমে এবং অন্যান্য মাধ্যমে কর্মক্ষেত্রে ও পেশা সংক্রান্ত সেই সকল বিষয়সমূহ চিহ্নিত করা যার মাধ্যমে কর্মীবৃন্দ এবং অন্যান্যরা সহিংসতা ও হয়রানির প্রভাব শিকার হন;
- গ) এইরূপ ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের নিরাপত্তা বিধানের জন্য কার্যকরী যথাযথ ব্যবস্থা গ্রহণ;

অনুচ্ছেদ ৯

সকল সদস্য রাষ্ট্রীয় আইন ও নীতিমালা গ্রহণ করবে যাতে করে নিয়োগকর্তারা কর্মক্ষেত্রে লিংগ ভিত্তিক সহ সকল সহিংসতা ও হয়রানি মোকাবেলায় গুরুত্ব অনুযায়ী যথাযথ ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করতে পারে, সুনির্দিষ্টভাবে দায়িত্বশীল চর্চা সমূহ প্রতিষ্ঠিত হবে :

- ক) শ্রমিক ও শ্রমিক প্রতিনিধির সংগে আলোচনার মাধ্যমে সহিংসতা ও হয়রানি মোকাবিলায় একটি কর্মক্ষেত্রে নীতিমালা গ্রহণ ও বাস্তবায়ন ।
- খ) পেশাগত নিরাপত্তা ও স্বাস্থ্য ব্যবস্থাপনায় সহিংসতা ও হয়রানি এমনকি এই সংক্রান্ত মানসিক ঝুঁকিও আমলে আনতে হবে ।
- গ) সহিংসতা ও হয়রানির ফলে যে সকল বিপত্তি ও ঝুঁকি রয়েছে শ্রমিক ও শ্রমিক প্রতিনিধির সংগে আলোচনার মাধ্যমে তা চিহ্নিত করতে হবে তা নিরসনে এবং নিয়ন্ত্রণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং
- ঘ) শ্রমিকদেরকে এবং সংশ্লিষ্ট অন্যান্য ব্যক্তিবর্গকে কর্মক্ষেত্রে সহিংসতা ও হয়রানির চিহ্নিত বিপত্তি ও ঝুঁকি এবং এগুলো নিরসনে বা মোকাবেলায় সংশ্লিষ্ট নীতিমালার আলোকে (এই অনুচ্ছেদ এর উপ অনু: ১এ বর্ণিত) শ্রমিকবৃন্দ এবং সংশ্লিষ্ট অন্যান্য ব্যক্তিবর্গের যে অধিকার এবং দায়বদ্ধতা রয়েছে সেইগুলোসহ, যেই সকল ব্যবস্থাসমূহ রয়েছে সেই সংক্রান্ত পর্যাপ্ত তথ্য-উপাত্ত প্রদান করতে হবে এবং সহজে গ্রহণ করতে পারে এরপ উপযোগী প্রশিক্ষণ প্রদান করতেহবে ।

৫. প্রয়োগ ও প্রতিকার

অনুচ্ছেদ ১০

প্রত্যেক সদস্য রাষ্ট্রীয় যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে যার দ্বারা,

- ক) কর্মক্ষেত্রে সহিংসতা ও হয়রানি বিষয়ে রাষ্ট্রীয় আইন ও বিধিমালার প্রয়োগ ও পর্যবেক্ষণ করা হবে ।
- খ) কর্মক্ষেত্রে সহিংসতা ও হয়রানি বিষয়ে যথাযথ ও কার্যকরী প্রতিকার নিশ্চিত করা সহ নিরাপদ, শোভন ও কার্যকরি অভিযোগ গঠন ও বিরোধ নিষ্পত্তি ব্যবস্থাপনা ও প্রক্রিয়া নিশ্চিত করা হবে ।

৬. নির্দেশনা, প্রশিক্ষণ ও সচেতনতা বৃদ্ধি

অনুচ্ছেদ ১১

প্রত্যেক সদস্য রাষ্ট্রীয় মালিক ও শ্রমিক প্রতিনিধিদের পরামর্শক্রমে নিম্নোক্ত বিষয়গুলো নিশ্চিত করতে সচেষ্ট হবে :

- ক) কর্মক্ষেত্রে সহিংসতা ও হয়রানি মোকাবেলার ক্ষেত্রে পেশাগত নিরাপত্তা ও স্বাস্থ্য, সমতা, পক্ষপাতহীন এবং অভিবাসন এর সাথে সম্পর্কিত জাতীয় নীতিমালার আলোকে ব্যবস্থা গ্রহণ ।
- খ) মালিক ও শ্রমিক এবং তাদের সংগঠনসমূহ ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে প্রয়োজনীয় নির্দেশনা, বিশেষ সহায়তা, প্রশিক্ষণ ও অন্যান্য উপকরণ প্রদান করা যা কর্মক্ষেত্রে সহিংসতা ও হয়রানি প্রতিরোধে সহায়ক হবে ।
- গ) সচেতনতা বৃদ্ধিমূলক প্রচারকার্যসহ উদ্যোগ গ্রহণ,

৭. প্রয়োগ পদ্ধতি

অনুচ্ছেদ ১২

কর্মক্ষেত্রে সহিংসতা হয়রানি নিরসনে এই কনভেনশনের বিধানসমূহ রাষ্ট্রীয় আইন ও বিধিমালার মাধ্যমে, পাশাপাশি যৌথ চুক্তি অথবা জাতীয়ভাবে প্রচলিত অনুশীলনের সাথে সামঞ্জস্যপূর্ণ অন্যান্য পদক্ষেপের মাধ্যমে এবং প্রয়োজনে পেশাগত নিরাপত্তা ও স্বাস্থ্য ব্যবস্থাগুলোর প্রসার বা অভিযোজনসহ বিশেষ ব্যবস্থা গ্রহণের মাধ্যমে প্রয়োগ করা হবে ।

৮. চুড়ান্ত বিধানসমূহ

অনুচ্ছেদ ১৩

এই কনভেনশনের আনুষ্ঠানিক অনুসর্থন নিবন্ধনের (রেজিস্ট্রেশনের) জন্য আইএলও এর মহা-পরিচালক কে অবহিত করতে হবে ।

অনুচ্ছেদ ১৪

- ১) এই কনভেনশনটি কেবলমাত্র আর্তজাতিক শ্রম সংস্থার সেই সব সদস্যদের জন্য বাধ্যতামূলক হবে যাদের অনুসমর্থন আইএলও এর ডাইরেক্টর জেনারেল 'এর দণ্ডে নিবন্ধিত হয়েছে।
- ২) ডাইরেক্টর জেনারেল 'এর দণ্ডে দুইটি সদস্য রাষ্ট্রের অনুসমর্থন নিবন্ধনের ১২ মাস পর এটি কার্যকর হবে।
- ৩) পরবর্তিতে সকল সদস্য রাষ্ট্রের জন্যে অনুসমর্থন নিবন্ধিত হওয়ার ১২ মাস পর থেকে কার্যকর হবে।

অনুচ্ছেদ ১৫

- ১) অনুসমর্থিত যেকোন সদস্য রাষ্ট্রে আইএলও এর ডাইরেক্টর জেনারেল বরাবর যোগাযোগ সাপেক্ষে কনভেনশন কার্যকর হওয়ার প্রথম দিন থেকে ১০ বছর পর তার বাতিল প্রস্তাব নিবন্ধন করতে পারবে। এই বাতিল প্রস্তাব নিবন্ধনের এক বছর আগে কার্যকর হবে না।
- ২) উপরোক্ত ব্যাখ্যা অনুযায়ী কোন সদস্য রাষ্ট্র যদি কনভেনশন কার্যকর হওয়ার পর এর মেয়াদকাল ১০ বছর হওয়ার পরের এক বছরের মধ্যে বাতিল প্রস্তাব নিবন্ধন না করে তবে তাকে বাধ্যতামূলক ভাবে পরবর্তি ১০ বছর মেয়াদকাল পর্যন্ত তা কার্যকর করতে হবে।

অনুচ্ছেদ ১৬

১. যে সকল সদস্য রাষ্ট্র অনুসমর্থন ও বাতিল প্রস্তাবের নিবন্ধনের জন্যে আইএলও এর মহা-পরিচালক বরাবর যোগাযোগ করবে, ডাইরেক্টর জেনারেল তা সকল সদস্য রাষ্ট্রকে অবহিত করবেন।
২. দ্বিতীয়বার অনুসমর্থনের লক্ষ্য যোগাযোগের ক্ষেত্রে সদস্য রাষ্ট্র সমূহকে অবহিত করন্তের সময় আইএলও এর ডাইরেক্টর জেনারেল তা কার্যকরী হওয়ার তারিখ সম্পর্কে সকলের দৃষ্টি আকর্ষন করবেন।

অনুচ্ছেদ ১৭

পূর্ববর্তী অনুচ্ছেদ এর অনুবৃত্তিক্রমে আইএলও এর ডিরেক্টর জেনারেল জাতিসংঘের ১০২ নম্বর চার্টার অনুযায়ী সকল অনুসমর্থন ও বাতিল প্রস্তাবের নিবন্ধন বিষয়ে জাতিসংঘের মহাসচিব মহোদয়কে বিস্তারিত অবহিত করবেন।

অনুচ্ছেদ ১৮

কখনো যদি প্রয়োজন মনে হয় আইএলও এর গভার্নিং বডি আইএলও এর সাধারণ সভায় এই কনভেনশনের কার্যকরিতা সম্পর্কে প্রতিবেদন উপস্থাপন করতে পারবেন এবং কনভেনশনের সম্পূর্ণ বা আংশিক পুনঃমূল্যায়নের জন্য এজেন্ডায় অন্তর্ভুক্ত করতে পারবেন।

অনুচ্ছেদ ১৯

এই কনভেনশন সংশোধন করে নতুন একটি কনভেনশন গৃহীত না হওয়া পর্যন্ত নতুন কনভেনশনে ভিন্ন কিছু না থকলে:

- ক) সদস্য রাষ্ট্র কর্তৃক সংশোধিত কনভেনশন অনুসমর্থিত হওয়ার পর পূর্বের অনুসমর্থিত কনভেনশন অনুচ্ছেদ ১৫ের ব্যত্যয় ঘটিয়ে আপনাপনিই বাতিল হয়ে যাবে, নতুন কনভেনশন বলিবত হওয়ার তারিখ থেকে।
- খ) নতুন সংশোধিত কনভেনশন কার্যকরী না হওয়া পর্যন্ত বর্তমান কনভেনশনটি সদস্য রাষ্ট্র সমূহের অনুসমর্থনের জন্য চলমান থাকবে। নতুন কনভেনশন বলিবত হওয়ার তারিখ থেকে এই কনভেনশন অনুসমর্থনের অযোগ্য হয়ে যাবে।

- ১) এই কনভেনশনটি অবিকল আকারে সেই সব সদস্য রাষ্ট্রের জন্য কার্যকর থাকবে যারা এটি অনুসমর্থন করেছেন কিন্তু সংশোধিত কনভেনশন অনুসমর্থন করেন নাই।

অনুচ্ছেদ ২০

উক্ত কনভেনশনের ইংরেজি এবং ফ্রেঞ্চ সংস্করণ সমভাবে কর্তৃত্বব্যঙ্গক।